

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪৬০

আগরতলা, ৩০ অক্টোবর, ২০২৩

প্রাক্তন মন্ত্রী সুনীল চন্দ্র দাসের  
প্রয়াণে মুখ্যমন্ত্রীর শোক

রাজ্যের প্রাক্তন মন্ত্রী সুনীল চন্দ্র দাসের প্রয়াণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন। শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘সুনীল চন্দ্র দাস ফটিকরায় বিধানসভা কেন্দ্র থেকে রাজ্য বিধানসভার সদস্য নির্বাচিত হয়েছিলেন এবং রাজ্য সরকারের মন্ত্রী হিসাবে তিনি দায়িত্ব পালন করেছিলেন। তাঁর প্রয়াণে রাজ্য একজন জনদরদী নেতাকে হারালো।’

শোকবার্তায় মুখ্যমন্ত্রী প্রয়াত সুনীল চন্দ্র দাসের শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন এবং প্রয়াত সুনীল চন্দ্র দাসের বিদেহী আত্মার শান্তি কামনা করেন।

\*\*\*\*\*